

যশোর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ

(জেলা প্রশাসন কর্তৃক পরিচালিত)

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-য/কা/স্কুল/ক/২০২৬/১৫

তারিখ : ২৬/০২/২০২৬খ্রি.

যশোর জেলা প্রশাসন কর্তৃক পরিচালিত যশোর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ এ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ মোতাবেক স্কুল শাখায় নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের জন্য পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে-

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---------|--|-------------|---|
| ০১। | সহকারী শিক্ষক (বাংলা) | ০১ (এক) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ০২। | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) [ইসলাম ধর্ম] | ০১ (এক) | ফাজিল ডিগ্রি অথবা ন্যূনতম ৩০০ নম্বরের আরবী/ইসলামী শিক্ষাসহ স্নাতক ডিগ্রি। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ০৩। | সহকারী শিক্ষক (পদার্থবিজ্ঞান) | ০১ (এক) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের পদার্থবিজ্ঞানসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ০৪। | সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা) | ০১ (এক) | স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হতে কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/পশুপালন/কৃষি প্রকৌশল/ বনবিদ্যা/পরিবেশ বিজ্ঞান/ জেনেটিক ইঞ্জিনিয়ারিং/মুক্তিকাবিজ্ঞান/ ডিভিএম/ উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা অথবা ন্যূনতম ০৩ (তিন) বছরের কৃষি ডিপ্লোমা/সমমান। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |

শর্তাবলী:

- আবেদনকারীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, যোগাযোগের ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আগামী ১০/০৩/২০২৬খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর অফিস চলাকালীন ডাকযোগে অথবা সরাসরি যশোর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ এর অফিস কক্ষে পৌঁছাতে হবে এবং খামের উপর পদের নাম লিখতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:
ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র সমূহের সত্যায়িত অনুলিপি।
খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রঞ্জন ছবি।
গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
- অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (সোনালী ব্যাংক, কালেক্টরেট ভবন শাখা, যশোর এর অনুকূলে) অধ্যক্ষ, যশোর কালেক্টরেট স্কুল, যশোর বরাবর সংযুক্ত করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রতিষ্ঠানের নিজস্ব বেতন কাঠামো অনুযায়ী আকর্ষণীয় বেতন-ভাতাদি প্রদান করা হবে।
- সকল পদের ক্ষেত্রে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩৫ বছর হতে হবে।
- নিয়োগ পরীক্ষায় নির্বাচিত প্রার্থীগণকে প্রাথমিকভাবে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। ০১ (এক) বছর সন্তোষজনকভাবে চাকুরিকাল সম্পন্ন হওয়ার পরে কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে চাকুরি নিয়মিত করা হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ আশেক হাসান

জেলা প্রশাসক, যশোর

ও

সভাপতি

যশোর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ।